নরসিংদীতে সুষ্ঠু পরিবেশে এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু

হলধর দাস, নরসিংদী :: গতকাল বৃহস্পতিবার(১০ এপ্রিল ২০২৫ খ্রি.) থেকে শুরু হয়েছে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি), এসএসসি (ভোকেশনাল), দাখিল ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা। এবছর জেলায় মোট পরীক্ষর্থী ছিলো ২৪,১৬১ জন। গতকাল প্রথম দিনে বাংলা ১ম পত্র পরীক্ষায় অনুপস্থিত ছিলো ৩৪৯ জন।

এর মধ্যে নরসিংদী জেলায় ৩০টি কেন্দ্রে এসএসসি পরীক্ষায় মোট শিক্ষার্থী ছিলো ২০,৫৮৭ জन। ১০ এপ্রিল বাংলা ১ম পত্রের পরীক্ষায় উপস্থিত ছিলো ২০,৩৪২ জন। অনুপস্থিত ২৪৫ জন। সবচাইতে বেশী অনুপস্থিত ছিলো ৫০০ নং পাঁচদোনা কেন্দ্রে ২২ জন। এ কেন্দ্রে মোট পরীক্ষার্থী ছিলো ১১০৭ জন।

জেলায় এসএসসি দাখিল পরীক্ষায় ৯টি কেন্দ্রে মোট পরীক্ষার্থী ছিলো ২৪১৯ জন। এর মধ্যে উপস্থিত ছিলো ২৩৩১ জন। অনুপস্থিত ৮৮ জন ।

এসএসসি ভোকেশনাল পরীক্ষায় ৭টি কেন্দ্রে মোট পরীক্ষার্থী ছিলো ১১৫৫ জন । এর মধ্যে উপস্থিত ছিলো ১১৩৯ জন।
অনুপস্থিত ১৬ জন। প্রথমদিনের পরীক্ষা চলাকালীন কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি।
ইতোমধ্যে, এসএসসি পরীক্ষা সুষ্ঠু, নকলমুক্ত ও সুশৃঙ্খল পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে ১০ এপ্রিল হতে ১৩মে ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত নরসিংদী জেলার সকল কোচিং সেন্টার বন্ধ রাখা এবং পরীক্ষা কেন্দ্রের আশেপাশে সকল ফটোকপি মেশিন পরীক্ষা চলাকালীন বন্ধ রাখার নির্দেশনা প্রদান করেছেন নরসিংদী’র জেলা প্রশাসক মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী । এ আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয় ।
জেলা প্রশাসক নির্দেশিত আদেশ সমূহ নিম্নে উল্লেখ করা হলোঃ
(ক) পরীক্ষা কেন্দ্রের ২০০ মিটার ব্যাসার্ধের মধ্যে পরীক্ষার্থী/পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তি ব্যতিত অন্য সকলের প্রবেশ নিষিদ্ধ করা হলো;
(খ) পরীক্ষা কেন্দ্রের এক কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে সকল প্রকার মাইক ও শব্দ বর্ধক যন্ত্র ব্যবহার নিষিদ্ধ করা হলো;

(গ) পরীক্ষা কেন্দ্রের সন্নিহিত এলাকার সকল বাজার ও লোকালয়ে বাণিজ্যিক ফটোকপিয়ার মেশিনের ব্যক্তিগত ও বাণিজ্যিক ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ করা হলো;
(ঘ) পরীক্ষা কেন্দ্রের ২০০ মিটার ব্যাসার্ধের বাইরে সন্নিহিত এলাকায় পাঁচ বা ততোধিক লোকের একত্রে চলাচল, সমাবেশ, মিছিল, মিটিং ও লাঠিসহ যে কোনো ধরনের অস্ত্র বহন সম্পূর্ণ নিষিদ্ধ করা হলো;
(ঙ) পরীক্ষা গ্রহণ কাজে নিয়োজিত কর্মকর্তা, কর্মচারী এবং আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের বেলায় এ আদেশ প্রযোজ্য হবে না।
উল্লেখ্য যে, ১০ এপ্রিল ২০২৫ তারিখ থেকে অনুষ্ঠেয় ২০২৫ সালের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর অধীনে এসএসসি/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর অধীনে দাখিল এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অধীনে এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) পরীক্ষা চলাকালে পরীক্ষা কেন্দ্র/ভেন্যুসমূহে সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশ বজায় রাখতে সহায়তা প্রদানের জন্য গত মাসের ২৩ এপ্রিল জেলা প্রশাসক মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী’র দিক নির্দেশনায় জেলার প্রথম শ্রেণির কর্মকর্তাগণের সমন্বয়ে ০৪ (চার) টি ভিজিল্যান্স টিম গঠন করা হয়। প্রথমদিনের পরীক্ষা থেকেই তাদের কর্মতৎপরতা লক্ষ্য করা গেছে।